



পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা - ৭০০০০১

ই-মেইল : bcw.comm@gmail.com ফোন : ০৩৩-২২৩০৮২৩৭

বিজ্ঞপ্তি

“ঠাকুর হরিচাঁদ গুরুচাঁদ পুরস্কার ২০২১ - ২২”

পুরস্কার প্রাপক নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যক্তি বা কোন প্রতিষ্ঠান নিম্নোক্ত যোগ্যতা অনুসারে বিবেচিত হতে পারেন, তাদের কাছে নামের সুপারিশ সহ আবেদন পত্র চাওয়া হচ্ছে।

বিবেচ্যক্ষেত্র ও বিবেচ্য ব্যক্তির / প্রতিষ্ঠানের যোগ্যতা :-

- ১। সমাজের তথাকথিত পশ্চাদপদ শ্রেণি যে সামাজিক বৈষ্যমের শিকার তার পটভূমি ও প্রকৃতি সম্পর্কে সম্যক ধারণা।
- ২। আইনি ও সামাজিক সকল বিতর্কের উর্ধ্বে গ্রহণযোগ্যতা।
- ৩। নিম্নলিখিত যে কোন ক্ষেত্রে ন্যূনতম দশ বছরের অলাভজনক কাজে যুক্ত থাকার প্রমাণের নথিপত্র আবেদনপত্রের সঙ্গে দিতে হবে।
 - ক) তফশিলি জাতির উপর সামাজিক, অর্থনৈতিক ও শিক্ষাসংক্রান্ত নির্যাতন প্রতিরোধে সচেতনতা নিয়ে নিরবিচ্ছিন্নভাবে কাজ করা।
 - খ) শিক্ষা বিস্তারের মাধ্যমে তফশিলি জাতির মানুষের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও ক্ষমতায়ন প্রসারে কাজ করা।
 - গ) তফশিলি জাতির মানুষের অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের জন্য কাজ করা।
 - ঘ) তফশিলি জাতির মানুষের মধ্যে আত্মসম্মান ও আত্মমর্যাদাবোধ জাগ্রত করা ও তার সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা করা এবং প্রসার ঘটানো সংক্রান্ত কার্যকলাপ।

- ৪। তফশিলি জাতির মানুষের কল্যাণে নিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান যে বা যার কাজ নিজেদের জীবিকার সংস্থান ও লাভের উদ্দেশ্যে পরিচালিত নয় ।
- ৫। তফশিলি জাতির জন্য কল্যাণমূলক কাজ ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোনো ধর্মীয় অনুরোধ দ্বারা প্রোৎসাহিত বা অভিলাষিত হবে না ।
- ৬। কোন সরকার বা সরকার প্রোষিত প্রতিষ্ঠানের কর্মচারী এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না ।
- ৭। ব্যক্তি/প্রতিষ্ঠানের কার্যকলাপের বিস্তারিত তথ্য হার্ড ও সফট্ কপিতে জমা করতে হবে ।
- ৮। পূর্বের পুরস্কার প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান পুনরায় বিবেচিত হবে না ।
- ৯। প্রবাসী ব্যক্তি/প্রতিষ্ঠান যে বা যারা পশ্চিমবঙ্গে বসবাসকারী তফশিলি জাতির কল্যাণে উল্লেখিত ক্ষেত্রে কাজ করে চলেছেন তারাও বিবেচ্য হবেন ।
- ১০। দরখাস্তের বয়ান দপ্তরের ওয়েব সাইট <https://anagrasarkalyan.gov.in> থেকে পাওয়া যাবে ।
- ১১। আবেদন পত্র সহ সুপারিশ গ্রহণের শেষ দিন : ৩১/০১/২০২২ বিকাল ৫:০০ টা পর্যন্ত ।
- ১২। দরখাস্ত পাঠানোর ঠিকানা: মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণি কল্যাণ অধিকার, পশ্চিমবঙ্গ সরকার, ৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩^{য়} তল, কলকাতা - ৭০০০০১ ।

দূরাভাষ: ০৩৩-২২৩০ ৮২৩৭/২২৩০ ২২১০

ই-মেইল: bcw.comm@gmail.com

অশ্বিনী কুমার যাদব

(অশ্বিনী কুমার যাদব)

মহাধ্যক্ষ,
অনগ্রসর শ্রেণি কল্যাণ
ও আদিবাসী উন্নয়ন অধিকার

তপস্বী